

বাড়লো জ্বালানি তেলের দাম

- A Monitor Desk Report

Date: 01 June, 2024



ঢাকাঃ ডিজেল ও কেরোসিনের দাম লিটারে ৭৫ পয়সা বাড়িয়ে নতুন দাম নির্ধারণ করা হয়েছে। দাম বেড়েছে পেট্রল ও অকটেনেরও। এ দু'টি জ্বালানি তেলের দাম লিটারে বেড়েছে আড়াই টাকা। স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ প্রক্রিয়ায় জুন মাসের জন্য এই দাম নির্ধারণ করা হয়েছে বলে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় বৃহস্পতিবার (৩০ মে) রাতে প্রজ্ঞাপন জারি করেছে।

প্রজ্ঞাপন অনুযায়ী, ভোক্তাপর্যায়ে ডিজেল ও কেরোসিনের দাম লিটারপ্রতি ১০৭ টাকা থেকে ৭৫ পয়সা বাড়িয়ে ১০৭ টাকা ৭৫ পয়সা করা হয়েছে। পেট্রলের দাম আড়াই টাকা বাড়িয়ে ১২৭ টাকা নির্ধারণ করা হয়েছে। চলতি মে মাসে পেট্রলের দাম ছিল লিটারপ্রতি ১২৪ টাকা ৫০ পয়সা। অকটেনের দামও লিটারে আড়াই টাকা বাড়ানো হয়েছে। ১২৮ টাকা ৫০ পয়সা থেকে বাড়িয়ে নতুন দাম নির্ধারণ করা হয়েছে ১৩১ টাকা।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে বলা হয়েছে, বিশ্ববাজারের সাথে সমন্বয় রেখে জ্বালানি তেলের মূল্য সমন্বয় করা হয়েছে।

সরকার গত মার্চ থেকে বিশ্ববাজারের সাথে সমন্বয় করে স্বয়ংক্রিয় মূল্য নির্ধারণ পদ্ধতিতে প্রতি মাসে জ্বালানি তেলের মূল্য সমন্বয় করে আসছে। নতুন সমন্বিত মূল্য আজ ১ জুন থেকে কার্যকর হবে।

মন্ত্রণালয় জানিয়েছে, বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম কিছুটা কমলেও মার্কিন ডলারের বিপরীতে টাকার অবমূল্যায়নের কারণে এ মূল্য সমন্বয় করতে হয়েছে।

মন্ত্রণালয় বলছে, ভারতের কলকাতায় বর্তমানে ডিজেল লিটারপ্রতি ৯০ দশমিক ৭৬ রুপি বা বাংলাদেশী মুদ্রায় ১২৫ টাকা ৭০ পয়সায় বিক্রি হচ্ছে। অন্য দিকে পেট্রল বিক্রি হচ্ছে ১০৩ দশমিক ৯৪ রুপি দরে, যা বাংলাদেশী মুদ্রায় ১৪৩ টাকা ৯৬ পয়সা। কলকাতায় এ দু'টি জ্বালানি পণ্যের দাম বাংলাদেশের চেয়ে লিটারপ্রতি যথাক্রমে প্রায় ১৭ টাকা ৯৫ পয়সা ও ১৬ টাকা ৯৬ পয়সা বেশি।

